গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট-১ শাখা
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয় এর ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (রাজস্ব ও প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) চূড়ান্তকরণের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতিঃ | : | মোঃ ফাহিমুল ইসলাম<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৫ নভেম্বর ২০২৫ |
| সময় | : | ১০:০০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৯৩০, রেলভবন, ঢাকা) |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য (সভাকক্ষ ও জুম প্লাটফর্ম) |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ২০২৫-২৬ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা/বাজেট ইউনিট/প্রকল্পওয়ারী প্রস্তাবিত সংশোধিত বাজেট প্রাক্কলন রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা, পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন এবং উন্নয়ন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট)-কে অনুরোধ জানান।

২.০ উপসচিব (বাজেট) সভায় অবহিত করেন যে, সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক ২৬/১০/২০২৫ তারিখ জারিকৃত সংশোধিত বাজেট পরিপত্রের অনুশাসন অনুযায়ী রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন (ফরম-৭), পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন (ফরম-৮ক-১) এবং উন্নয়ন ব্যয়ের (৮খ-১) যথাযথ পূরণপূর্বক সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ের ১০৮ টি বাজেট ইউনিট ও ২৮ টি প্রকল্প পরিচালকগণ মন্ত্রণালয়ে প্রেরণ করেন। উক্ত সংশোধিত প্রাক্কলন বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক চূড়ান্তকরণের পরে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ের অধীনস্থ সকল বাজেট ইউনিট ও প্রকল্প পরিচালকদের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন আগামী ০৯/১১/২০২৫ তারিখের মধ্যে iBAS++ সিস্টেমে এন্ট্রি প্রদান করে বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রতিবেদন প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ সভায় বিভিন্ন বাজেট ইউনিট হতে প্রাপ্ত তথ্যের আলোকে রাজস্ব ও মূলধন প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয়ের হ্রাস/বৃদ্ধি, পরিচালন ও উন্নয়ন ব্যয়ের হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত সংশোধিত বাজেট প্রাক্কলন ২০২৫-২৬ অর্থবছরের তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

**(ক) সংশোধিত বাজেট ২০২৫-২৬ (রাজস্ব ও মূলধন প্রাপ্তি):**

(অংকসমূহ হাজার টাকা)

| ক্র. | দপ্তর/সংস্থা | বাজেট ২০২৫-২৬ | প্রস্তাবিত সংশোধিত লক্ষ্যমাত্রা ২০২৫-২৬ | হ্রাস/বৃদ্ধি | হ্রাস/বৃদ্ধির ব্যাখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | সচিবালয় | ৭,২৫ | ১১,০০ | (+) ৩,৭৫ | ১। নিয়োগ কার্যক্রমে পরীক্ষা ফি বৃদ্ধি পেয়েছে<br>২। অন্যান্য আদায়ে উদ্বৃত্ত অর্থ ফেরত |
| ২ | রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ০.০০ | ১০ | (+) ১০ | ১। সরকারি যানবাহন ব্যবহার ফি<br>২। ব্যবহৃত কাগজ ও স্টেশনারী বিক্রয় |
| ৩ | বাংলাদেশ রেলওয়ে | ৩১৭৩,৩৮,৭৫ | ২৬৫৫,৫৮,১১ | (-) ৫১৭,৮০,৬৪ | বাংলাদেশ রেলওয়ের লোকোমোটিভ সংকট, আমদানীকারকদের কার্যক্রম কমে যাওয়ায় রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে না। |
| | **সর্বমোট=** | **৩১৭৩,৪৬,০০** | **২৬৫৫,৬৯,২১** | **(-) ৫১৭,৭৬,৭৯** | |

৩.১ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান লোকোমোটিভ সংকট, আমদানীকারকদের কার্যক্রম কমে যাওয়ায় রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে না। গত ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা ২৮৮৪,৯৫,৯৫ হাজার টাকা হলেও অর্জিত হয়েছে ১৮৪৫,৭০,৪৫ হাজার টাকা। জুলাই/২৪ আন্দোলনের সময় ট্রেন চলাচলে বিঘ্ন ঘটায় এ লক্ষ্য অর্জন সম্ভব হয়নি। তবে ২০২৫-২৬ অর্থবছরের ৩১৭৩,৩৮,৭৫ হাজার টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে প্রথম কোয়ার্টারে অর্জিত হয়েছে ৫৩২,৯৬,০০ হাজার টাকা। তাই যুক্তিসংগতভাবে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন।

৩.২ সভাপতি জানান বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন রুটে ট্রেন বৃদ্ধি পাওয়ায় যাত্রী আয় অনেক বেড়েছে। মালামাল আয় কমে গেলেও এ বছর ভূসম্পত্তি আয়, টেলিকম আয়ের লক্ষ্যমাত্রা বৃদ্ধি পাবে। তাই রাজস্ব ও মুলধন প্রাপ্তি খাতে প্রস্তাবিত সংশোধিত লক্ষ্যমাত্রা ২০২৫-২৬ অর্থবছরে ২৬৫৫,৬৯,২১ হাজার কোটি টাকা যুক্তিযুক্ত হবে।

## (খ) সংশোধিত বাজেট ২০২৫-২৬ (পরিচালন ব্যয়):

(অংকসমূহ হাজার টাকা)

| ক্র. | দপ্তর/সংস্থা | বাজেট ২০২৫-২৬ | প্রস্তাবিত সংশোধিত ২০২৫-২৬ | হ্রাস/বৃদ্ধি | হ্রাস/বৃদ্ধির ব্যাখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | সচিবালয় | ৩৮,১৭,৮৪ | ১৫,৪৫,০০ | (-) ২,৩০,০০ এবং **৩৯১১১১১ সাধারণ থোক বরাদ্দ-২০,৪২,৮৪ | ১। প্রকৃত ব্যয় বিবেচনায় বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।<br>২। বিশেষ সুবিধা (৩১১১৩৫২) অর্থ বিভাগের নির্দেশনায় ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৩। অর্থ বিভাগের নির্দেশনায় সেনিমার কনফারেন্স ব্যয় (৩২১১১১১), প্রচার ও বিজ্ঞাপন ব্যয় (৩২১১১২৫), প্রশিক্ষণ (৩২৩১৩০১), সম্মানী (৩২৫৭২০৬) কোডে তামাক নিয়ন্ত্রণ সংক্রান্ত ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৪। সাধারণ থোক বরাদ্দ ও উদ্বৃত্ত অর্থ ২২,৭২,৮৪ হাজার টাকা মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের বিশেষ কার্যক্রমে অতিরিক্ত ব্যয়ের বিভিন্ন অর্থনৈতিক কোডের বরাদ্দের সাথে সমন্বয় করা হয়েছে। |
| ০২ | রেলপথ পরিদর্শন অধিদপ্তর- | ৮৫,০০ | ৫৭,৩৪ | (-) ২৭,৬৬ | ১। প্রকৃত ব্যয় বিবেচনায় বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।<br>২। বিশেষ সুবিধা (৩১১১৩৫২) অর্থ বিভাগের নির্দেশনায় ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৩। আসবাবপত্র (৪১১২৩১৪) কোডে নতুন ভবনে অফিস স্থানান্তর করায় ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৪। উদ্বৃত্ত অর্থ ২৭,৬৬ হাজার টাকা মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের বিশেষ কার্যক্রমে অতিরিক্ত ব্যয়ের বিভিন্ন অর্থনৈতিক কোডের বরাদ্দের সাথে সমন্বয় করা হয়েছে। |
| ০৩ | বাংলাদেশ রেলওয়ে<br>(ক) পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) | ১৫৯১,৯৯,০১ | ১৫৯১,৯৯,০১ | - | ১। প্রকৃত ব্যয় বিবেচনায় বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।<br>২। বিশেষ সুবিধা (৩১১১৩৫২) অর্থ বিভাগের নির্দেশনায় ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৩। পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের বাংলাদেশ রেলওয়ের হাসপাতালসমূহে স্বাস্থ্য সেবা বিভাগের উদ্যোগে সাধারণ জনগণের জন্য সেবা বৃদ্ধি করায় মেডিক্যাল বিভাগের আওতায় ঔষধপত্র, স্বাস্থ্য বিধান সামগ্রী, পণ্য, বিছানাপত্র, চিকিৎসা সরঞ্জামাদি ইত্যাদি বিষয়ে চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি (৩২৫২১০৫), স্বাস্থ্য বিধান সামগ্রি (৩২৫২১০৮) ও ঔষধ (৩২৫২১০৯) কোডে ৫ কোটি টাকা অতিরিক্ত ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৪। চিফ কমান্ডেন্ট পূর্ব এর নিরাপত্তা সেবা ভাড়ার ভিত্তিতে (৩২৩৫১০৩) নিরাপত্তা সেবা ভাড়া খাতে অতিরিক্ত ৩.৪১ কোটি টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৫। আউটসোর্সিং (৩২১১১৩১) এবং শ্রমিক অনিয়মিত মজুরি (৩২১১১৩৪) খাতে বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন বাজেট ইউনিটের জন্য গত ২০২৪-২৫ অর্থবছরে আউটসোর্সিং খাতে ১৫৫৯ জন জনবলের বিপরীতে চলতি ২০২৫-২৬ |

| ক্র. | দপ্তর/সংস্থা | বাজেট ২০২৫-২৬ | প্রস্তাবিত সংশোধিত ২০২৫-২৬ | হ্রাস/বৃদ্ধি | হ্রাস/বৃদ্ধির ব্যাখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | | অর্থবছরে আউটসোর্সিং খাতে ৯৩২ জন জনবলের প্রস্তাব অর্থ বিভাগে ০৫/১১/২০২৫ অনুমোদিত হয়েছে। অনিয়মিত শ্রমিক হিসেবে গত ২০২৪-২৫ অর্থবছরে ৩৮০০ জনের বিপরীতে চলতি ২০২৫-২৬ অর্থবছরে অর্থ বিভাগ কর্তৃক ৫২০০ জনের প্রস্তাব ৩০/১০/২০২৫ অনুমোদিত হয়েছে ফলে এ দু'টি খাতে সংশ্লিষ্ট বাজেট ইউনিট কর্তৃক অর্থ বিভাগের অনুমোদনে কোড সৃজন করে বরাদ্দ বৃদ্ধিসহ বাজেট প্রাক্কলন প্রস্তাব করা হয়েছে।<br>৬। প্রকৃত চাহিদার আলোকে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের বিদ্যুৎ বিল পরিশোধের জন্য বিদ্যুৎ (৩২১১১১৩) খাতে ৪.২৪ কোটি টাকা অতিরিক্ত বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। |
| | (খ) বিশেষ কার্যক্রম= | ২৫৯৭,৯৯,০৭ | ২৬২০,৯৯,৫৭ | সচিবালয় সাধারণ থোক বরাদ্দ ও উদ্বৃত্ত অর্থ ২২,৭২,৮৪ হাজার টাকা ও জিআইবিআর উদ্বৃত্ত অর্থ ২৭,৬৬ হাজার সহকারে সর্বমোট উদ্বৃত্ত ২৩,০০,৫০ হাজার টাকা সংযোজন করে প্রস্তাব করা হয়েছে। | ১। অপারেশন কোড পরিচালন কার্যক্রম (১২০০০২৮০২) এর আওতায় পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী (৩২১১১০২), লাইসেন্স ফি (৩২২১১০২), কমিশন (৩২২১১১০) খাতে প্রকৃত ব্যয় বিবেচনায় অতিরিক্ত বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>২। অপারেশন কোড মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম (১২০০০২৮০৩) এর আওতায় পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী (৩২১১১০২), অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি (৩২৫৮১০৫), রেল ইঞ্জিন (**৩২৫৮২০১), যাত্রীবাহী যান (**৩২৫৮২০২) খাতে প্রকৃত ব্যয় বিবেচনায় বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৩। অপারেশন কোড মূলধনী অনিশ্চিত হিসাব কার্যক্রম (১২০০০২৮০৫) এর স্টোর পারচেজ রেলওয়ে (***৪১২৭১০১) এর খাতে প্রকৃত ব্যয় বিবেচনায় বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।<br>৪। অপারেশন কোড সম্পদ সংগ্রহ ব্যবস্থাপনা (১২০০০২৮০৬) এর রেল ইঞ্জিন (৪১১২১০৬) খাতে প্রকৃত ব্যয় বিবেচনায় ১১৩,০৮,৯৯ হাজার টাকা বরাদ্দ হ্রাস পূর্বক রেলইঞ্জিন, স্টোর পারচেজ, পরিষ্কার-পরিচ্ছন্নতা অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি খাতে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এ অপারেশন কোডে রেলপথ স্টেশন এবং কারখানা বিল্ডিং (৪১১১৫০২) খাতে প্রকৃত ব্যয় বিবেচনায় বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। |
| | **মোট=(ক+খ)** | **৪১৮৯,৯৮,১৬** | **৪২১২,৯৮,৫৮** | | |
| | **সর্বমোট=** | **৪২২৯,০১,০০** | **৪২২৯,০১,০০** | | |

৩.৩ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান, সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) এর আওতায় পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের বাংলাদেশ রেলওয়ের হাসপাতালসমূহে স্বাস্থ্য সেবা, নিরাপত্তা সেবা ভাড়া খাতে, বিদ্যুৎ বিল পরিশোধের জন্য এবং বিভিন্ন বাজেট ইউনিটে নতুন জনবল নিয়োগ হওয়ায় কয়েকটি অর্থনৈতিক কোডে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়া সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) এর আওতায় পেনশনার সংখ্যা বৃদ্ধি, যাত্রীসেবার মানোন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী, অনবোর্ড সেবা বৃদ্ধি, লোকোমোটিভ ও ক্যারেজ মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমের জন্য রেলইঞ্জিন, স্টোর পারচেজ, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি এবং রেলপথ স্টেশন এবং কারখানা বিল্ডিং খাতে ব্যয় বৃদ্ধি বাড়ায় সচিবালয় সাধারণ থোক বরাদ্দ ও উদ্বৃত্ত অর্থ ২২,৭২,৮৪ হাজার টাকা ও জিআইবিআর উদ্বৃত্ত অর্থ ২৭,৬৬ হাজার সহকারে সর্বমোট উদ্বৃত্ত ২৩,০০,৫০ হাজার টাকা সংযোজন করে এর লক্ষ্যমাত্রা ২৬২০,৯৯,৫৭ হাজার টাকা প্রস্তাব করা হয়েছে। তবে রেলওয়ের জরুরি লোকোমোটিভ ও ক্যারেজ পুনর্বাসন, রেলপথ ও ট্রাক রক্ষণাবেক্ষণের জন্য আরো অনেক ব্যয় বৃদ্ধি প্রয়োজন।

৩.৪ যুগ্মসচিব (বাজেট ও পরিবীক্ষণ) জানান সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক ২৬ অক্টোবর ২০২৫ তারিখ জারিকৃত সংশোধিত বাজেট পরিপত্রের অনুশাসন অনুযায়ী সংশোধিত বাজেটে ব্যয় বৃদ্ধির জন্য নির্ধারিত সিলিং বরাদ্দের মধ্যে পরিচালন ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করতে হবে। অর্থ বিভাগের অনুমোদনে সিলিং বাড়ানো যেতে পারে। রেলপথ মন্ত্রণালয়ের সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ পরিচালন ব্যয় সিলিং ৪২২৯,০১,০০ হাজার টাকা। বাংলাদেশ রেলওয়ের সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ পরিচালন ব্যয় (সাধারণ কার্যক্রম) বরাদ্দ ১৫৯১,৯৯,০১ হাজার টাকা অপরিবর্তিত রেখে পরিচালন ব্যয় (বিশেষ কার্যক্রম) বরাদ্দ ২৬২০,৯৯,৫৭ হাজার টাকা ব্যয় বৃদ্ধিসহকারে সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ রেলপথ মন্ত্রণালয়ের পরিচালন ব্যয় প্রাক্কলন ৪২২৯,০১,০০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে।

৩.৫ সভাপতি জানান বাংলাদেশ রেলওয়ে হতে বিভিন্ন সময়ে অন্যান্য মন্ত্রণালয় বা বিভাগের পাওনা যেমন জ্বালানী তেল, ভুমি উন্নয়ন কর, বিদ্যুতের বকেয়া, টিএ সার্ভিস ব্যয়, IGR (Inter-Government Railway) এর আওতায় ভারতের পাওনা, উচ্চ আদালতের মামলার নির্দেশনায় দায়ভুক্ত পাওনা বাবদ অনেক বকেয়া অপরিশোধিত রয়েছে। এছাড়া জরুরি বিবেচনায় মাননীয় উপদেষ্টা, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশনায় লোকোমোটিভ রক্ষণাবেক্ষণ, প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক এর যন্ত্রাংশ ক্রয় ও আমদানী ব্যয় মিটানো, রেলপথ/ ট্র্যাক রক্ষণাবেক্ষণ ও ব্যালাস্ট সরবরাহের জন্য ৫৯৬.৪৪ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ চেয়ে অর্থ বিভাগে ০৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখ ৩০৭ নং পত্র প্রেরণ করা হয়েছে। এ সকল ব্যয় নির্বাহের জন্য সংশোধিত বাজেট ২০২৫-২৬ এ পরিচালন ব্যয়ের বাজেট ৪২২৯,০১,০০ হাজার টাকা এর অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

৩.৬ বাংলাদেশ রেলওয়ের আওতাধীন পরিচালন ব্যয় বিশেষ কার্যক্রমভুক্ত বিভিন্ন অপারেশন (পরিচালন কার্যক্রম, মেরামত ও রক্ষণাবেক্ষণ, মূলধনী অনিশ্চিত হিসাব ও সম্পদ সংগ্রহ) এর বিভিন্ন অর্থনৈতিক কোড সমূহে রেলপথ মন্ত্রণালয়ের পরিচালন ব্যয়ের বাজেট ৪২২৯,০১,০০ হাজার টাকা এর অতিরিক্ত ব্যয়ের বরাদ্দ প্রয়োজন তা নিম্নে উল্লেখ করা হলোঃ

**(ক) পরিচালন ব্যয়ে অতিরিক্ত বরাদ্দের চাহিদা**

| নং | খাত/প্রতিষ্ঠান | বিবরণ | অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|
| ০১ | রেলইঞ্জিন (৩২৫৮২০১), স্টোর পারচেজ রেলওয়ে (৪১২৭১০১) রেলপথ (৩২৫৮২০৬) এবং রেলপথ (৪১১১৫০১) | মাননীয় উপদেষ্টা, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশনায় লোকোমোটিভ রক্ষণাবেক্ষণ, প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক এর যন্ত্রাংশ ক্রয়, আমদানী ব্যয় মিটানো, রেলপথ/ ট্র্যাক রক্ষণাবেক্ষণ ও ব্যালাস্ট সরবরাহের জন্য ৫৯৬.৪৪ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ চেয়ে অর্থ বিভাগে ০৯/১১/২০২৫ তারিখে ৩০৭ নং পত্র প্রেরণ করা হয়েছে।<br>বিভাগ ভিত্তিক অতিরিক্ত চাহিত বরাদ্দের বিবরণ:<br>(ক) প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক এর চাহিদা এলসি খোলা, লুব ওয়েল ক্রয়, বকেয়া সৃষ্টি হিসাবে বাজেট ২০২৫-২৬ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দের অতিরিক্ত ১৫২.০০ কোটি টাকা বরাদ্দ চাওয়া হয়েছে। স্টোর পারচেজ (৪১২৭১০১) কোডে এ অর্থ চাওয়া হয়।<br>(খ) রেল ইঞ্জিন জরুরী মেরামত, লোকোমোটিভ এর বিভিন্ন স্পেয়ার পার্টস সরবরাহ ইত্যাদি প্রয়োজন মেকানিক্যাল বিভাগের রেল ইঞ্জিন (৩২৫৮২০১) কোডে ১৪২.৪৪ কোটি টাকা প্রয়োজন।<br>(গ) রেলপথ মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য এবং উক্ত কাজে স্লিপার, ব্যালাস্ট ও ফিটিংস ক্রয়ের জন্য প্রকৌশল বিভাগ) রেলপথ (৩২৫৮২০৬) কোডে ১৯৭.০০ কোটি টাকা এবং রেলপথ (৪১১১৫০১) কোডে ১০৫.০০ কোটি টাকা মিলিয়ে সর্বমোট ৩০২.০০ কোটি টাকা চাহিদা প্রদান করে। | ৫৯৬.৪৪ কোটি টাকা |
| ০২ | অনবোর্ড সার্ভিস আউটসোর্সিং (৩২১১১৩১) | বাংলাদেশ রেলওয়ের ০২/১১/২০২৫ তারিখের ৩৭৪ নং পত্রে জানানো হয়, পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন ট্রেনসমূহে অনবোর্ড সার্ভিস প্রদানের জন্য অতিরিক্ত ২৩.৫৫ কোটি টাকা প্রয়োজন। এ খাতে ২০২৫-২৬ অর্থবছরে বরাদ্দ ১২.০০ কোটি টাকা। | ২৩.৫৫ কোটি টাকা |
| ০৩ | রোলিং স্টক পুনঃসংস্কার (৩২৫৮১৪৫) | বাংলাদেশ রেলওয়ের ০২/১১/২০২৫ তারিখের ৩৭৪ নং পত্রে জানানো হয়, পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের এমজি ও বিজি যাত্রীবাহী কোচের পুনর্বাসনের জন্য রোলিং স্টক পুনঃসংস্কার খাতে অতিরিক্ত ২০.৫৯ কোটি টাকা প্রয়োজন। | ২০.৫৯ কোটি টাকা |
| ০৪ | হাই স্পীড ইঞ্জিন ওয়েল (৩২৪৩১০৩) | বাংলাদেশ রেলওয়ের ০২/১১/২০২৫ তারিখের ৩৭৪ নং পত্রে জানানো হয়, বাংলাদেশ রেলওয়েতে নতুন রুটে ট্রেন চলাচল বৃদ্ধি পাওয়ায় অতিরিক্ত তেলের চাহিদা ও তেলের মূল্য বৃদ্ধি পাওয়ায় বিভিন্ন অর্থবছরে পুঞ্জিভুত | ৬৬৪.৪০ কোটি টাকা |

| | | | |
|---|---|---|---|
| | | বকেয়া পরিশোধের জন্য ৬৬৪.৪০ কোটি টাকা প্রয়োজন। উল্লেখ্য, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এর ২৩ এপ্রিল ২০২৫ এর ২২১ নং পত্র নির্দেশনায় বিপিসির বকেয়া ১০০ কোটি টাকা পরিশোধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | ভূমি উন্নয়ন কর (৩৮২১১০২) | বাংলাদেশ রেলওয়ের ০২/১১/২০২৫ তারিখের ৩৭৪ নং পত্রে জানানো হয়, বাংলাদেশ রেলওয়ের গত ২০২৪-২৫ অর্থবছরে ভূমি উন্নয়ন খাতে ১৬৮.৭৭ কোটি টাকা ব্যয় হয়েছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরে এ খাতে ৮.৪১ কোটি টাকা বরাদ্দ রাখা হয়। এ খাতে প্রকৃত ব্যয় বিবেচনায় অতিরিক্ত ৪০ কোটি টাকা প্রয়োজন। | ৪০.০০ কোটি টাকা |
| | | **উপমোট=** | **১৩৪৪.৯৮ কোটি** |
| **(খ) বিভিন্ন চার্জ পরিশোধের নিমিত্ত অতিরিক্ত চাহিদা** | | | |
| ০১ | ভারতীয় পাওনা রেলওয়ে চার্জ (৩২১২১১৫) | ভারতীয় হাই কমিশন এর ২৬/০৮/২০২৫ তারিখের ৪২ নং পত্র অনুযায়ী IGR (Inter-Government Railway) এর আওতায় ওয়াগণ হায়ার চার্জ বাবদ ভারতের বকেয়া পাওনা পরিশোধের জন্য রেলওয়ে চার্জ (৩২১২১১৫) খাতে অতিরিক্ত ২২৫.৩৬ কোটি রুপি বা প্রায় ৩১১ কোটি বরাদ্দ প্রয়োজন। | ৩১১ কোটি টাকা |
| ০৩ | টিএ সার্ভিসের ব্যয় নীরিক্ষা/সমীক্ষা ফি (৩২২১১০১) | পিপিপি প্রকল্পের আওতায় টিএ সার্ভিস বাবদ পাওনা হিসাবে নীরিক্ষা/সমীক্ষা ফি (৩২২১১০১) খাতে ১৪.২৮ কোটি টাকা প্রয়োজন। | ১৪.২৮ কোটি টাকা। |
| | | **উপমোট=** | **৩২৫.২৮ কোটি টাকা** |
| **(গ) বিভিন্ন মামলার আদেশের প্রেক্ষিতে পরিশোধের নিমিত্ত অতিরিক্ত চাহিদা** | | | |
| ০১ | রিট পিটিশন ৭৩৩২/২০০৫ | রিট পিটিশন ৭৩৩২/২০০৫ এর আলোকে বাংলাদেশ রেলওয়ের স্টেশন মাষ্টারদের বকেয়া পাওনা পরিশোধ বাবদ অতিরিক্ত ৩৮.৩৬ কোটি টাকা প্রয়োজন। | ৩৮.৩৬ কোটি টাকা |
| ০২ | মানি ডিক্রির অর্থ পরিশোধ | চায়না CMC এর LD কর্তন বিষয়ক রিট পিটিশন/মানি ডিক্রির আদেশে ৪.৫০ মিলিয়ন মার্কিন ডলার ও ১.০০ কোটি টাকা জরিমানা বা প্রায় ৫৬ কোটি জরিমানাসহ প্রয়োজন। | ৫৬ কোটি টাকা |
| ০৩ | কনটেম্পট পিটিশন নং-০৪/২১ | কনটেম্পট পিটিশন নং-০৪/২১ এর আলোকে ক্যারেজ এটেনডেন্টদের রানিং ভাতা বাবদ অতিরিক্ত চাহিদা ৩৫ কোটি টাকা। | ৩৫.০০ কোটি টাকা |
| | | **উপমোট=** | **১২৯.৩৬ কোটি টাকা** |
| | | **সর্বমোট (ক+খ+গ)=** | **১৭৯৯.৬২ কোটি টাকা** |

৩.৭ যুগ্মসচিব (বাজেট অধিশাখা), অর্থ বিভাগ জানান সংশোধিত বাজেট পরিপত্রের নির্দেশনার আলোকে পরিচালন ব্যয়ের ক্ষেত্রে রেলপথ মন্ত্রণালয়ের সিলিং বহির্ভূত অর্থ বরাদ্দের সুযোগ নেই। তবে জরুরি লোকোমোটিভ বা রেলপথ রক্ষণাবেক্ষণ, অন্যান্য মন্ত্রণালয় বা বিভাগের পাওনা এবং উচ্চ আদালতের মামলার নির্দেশনায় দায়ভুক্ত পাওনা বাবদ কোন অর্থ অতিরিক্ত প্রয়োজন হলে মন্ত্রণালয় হতে অর্থ বিভাগে ডিও লেটারে চাহিদা প্রেরণ করা হলে তা বিবেচনা করা যেতে পারে।

## গ। সংশোধিত বাজেট ২০২৫-২৬ উন্নয়ন ব্যয়:

(অংকসমূহ হাজার টাকা)

| নং | দপ্তর/সংস্থা | বাজেট ২০২৫-২৬ | | | প্রস্তাবিত সংশোধিত ২০২৫-২৬ | | | হ্রাস/বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওব | পিএল | জিওবি | পিএল |
| ০১ | সচিবালয় | ১৭৯,৭৭,০০ | ১৭৯,৭৭,০০ | ০.০০ | ১৭৮,১৩,০০ | ১৭৮,১৩,০০ | ০.০০ | (-)১,৬৪,০০<br>*গ্রীণ রেলওয়ে প্রকল্পের জন্য বরাদ্দ | |
| ০২ | রেলপথ পরিদর্শন অধিদপ্তর- | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩ | বাংলাদেশ রেলওয়ে- | ৭৫৩৫,২২,০০ | ৪০০৮,০০,০০ | ৩৫২৭,২২,০০ | ৪৬৪৯,৯২,০০ | ২০৯৯,৪৩,০০ | ২৫৫০,৪৯,০০ | (-) ১৯১৩,০৮,০০ | (-) ৯৭৬,৭৩,০০ |
| | **সর্বমোট=** | **৭৭১৪,৯৯,০০** | **৪১৮৭,৭৭,০০** | **৩৫২৭,২২,০০** | **৪৮২৮,০৫,০০** | **২২৭৭,৫৬,০০** | **২৫৫০,৪৯,০০** | **(-) ১৯১৩,০৮,০০** | **(-) ৯৭৬,৭৩,০০** |

৩.৮ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান, সংশোধিত বাজেট ২০২৫-২৬ অর্থবছরে উন্নয়ন ব্যয়ের আওতায় মোট ২৮টি প্রকল্প চলমান আছে এর মধ্যে পদ্মা সেতু রেল সংযোগ (২য় সংশোধিত) প্রকল্প, যমুনা রেল সেতু প্রকল্প (১ম সংশোধিত) প্রকল্প, বাংলাদেশ রেলওয়ের ঢাকা-টঙ্গী সেকশনের ৩য় ও ৪র্থ ডুয়েলগেজ লাইন এবং টঙ্গী-জয়দেবপুর সেকশনের ডুয়েলগেজ ডাবল লাইন নির্মাণ প্রকল্পসহ জিওবি অংশে সর্বমোট ১৯১৩,০৮,০০ হাজার টাকা এবং পিএল অংশে ৯৭৬,৭৩,০০ হাজার টাকা হ্রাস করা হয়। চূড়ান্তভাবে সংশোধিত বাজেট ২০২৫-২৬ অর্থবছরে উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ৪৮২৮,০৫,০০ হাজার টাকা প্রস্তুত করা হয়।

**৪.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | অর্থ বিভাগের পরিপত্রের আলোকে ০৯/১১/২০২৫ তারিখের নির্ধারিত সময়ের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের সকল বাজেট ইউনিট/প্রকল্প কর্তৃক প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন এবং ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) সংশোধিত প্রাক্কলন আইবাস++সিস্টেমে এন্ট্রি প্রদান সম্পন্ন করে সংশোধিত প্রাক্কলন অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর<br>৪। উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়।<br>৫। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে।<br>৬। বাজেট ইউনিট (সকল)/প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে। |
| ২ | রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রার স্ব-পক্ষে হ্রাস/বৃদ্ধির যৌক্তিকতা ও প্রমাণকসহ সুনির্দিষ্ট প্রস্তাব এ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর<br>৪। উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়।<br>৫। বাজেট ইউনিট (সকল) বাংলাদেশ রেলওয়ে। |
| ৩ | পরিচালন ব্যয়ের সংশোধিত লক্ষ্যমাত্রার স্বপক্ষে যে সকল বাজেট ইউনিটের ক্ষেত্রে বাজেট ও অর্থনৈতিক কোডের সিলিং বৃদ্ধি করতে হবে তার যৌক্তিকতা ও প্রমাণকসহ সুনির্দিষ্ট প্রস্তাব রেলপথ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থবিভাগে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর<br>৪। উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়।<br>৫। বাজেট ইউনিট (সকল) বাংলাদেশ রেলওয়ে। |
| ৪ | উন্নয়ন ব্যয়ের সংশোধিত লক্ষ্যমাত্রার স্বপক্ষে প্রকল্প পরিচালকদের ক্ষেত্রে বাজেট ও অর্থনৈতিক কোডের সিলিং হ্রাস/বৃদ্ধি করতে হবে তার যৌক্তিকতা ও প্রমাণকসহ সুনির্দিষ্ট প্রস্তাব রেলপথ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থবিভাগে প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে।<br>৩। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে। |
| ৫ | পরিচালন ব্যয়ের ক্ষেত্রে জরুরি লোকোমোটিভ বা রেলপথ রক্ষণাবেক্ষণ, অন্যান্য মন্ত্রণালয় বা বিভাগের পাওনা এবং উচ্চ আদালতের মামলার নির্দেশনায় দায়ভুক্ত পাওনা বাবদ সিলিং বহির্ভূত অতিরিক্ত ১৭৯৯.৬২ কোটি টাকা প্রাক্কলন এবং প্রাক্কলিত অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে ডিও লেটার প্রেরণ করতে হবে। | ১। যুগ্মসচিব (বাজেট ও পরিবীক্ষণ) রেলপথ মন্ত্রণালয়<br>২। উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয় |

৫.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/১১/২০২৫

মোঃ ফাহিমুল ইসলাম
সচিব
রেলপথ মন্ত্রণালয়

নং- ৫৪.০০.০০০০.০০৩.০৩৩.৩২.০০০৩.২৫-৭৪ তারিখঃ ২১ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

(১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা;
(৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা;
(৪) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা;
(৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা;
(৬) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
(৭) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
(৮) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
(৯) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
(১০) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম/রাজশাহী;
(১১) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা;
(১২) উপসচিব (বাজেট/বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা/ প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
(১৩) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
(১৪) পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
(১৫) চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার ও সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি, চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার এর কার্যালয়, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
(১৬) বাজেট ইউনিট (সকল).............................................বাংলাদেশ রেলওয়ে, ..............................;
(১৭) প্রকল্প পরিচালক (সকল).............................................বাংলাদেশ রেলওয়ে, ..............................;
(১৮) সিনিয়র সহকারী সচিব (বাজেট-শাখা-২/বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা-১), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা;
(১৯) সহকারী সচিব (বাজেট-১/বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
(২০) উপপরিচালক (বাজেট), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
(২১) হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

(১) উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
(২) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
(৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; (সভার অনুমোদিত কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
(৪) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

(মোঃ জাহিদুল ইসলাম)
সহকারী সচিব
ফোন:+৮৮০২৪১০৫০২৪২
ই-মেইল: budget-1@mor.gov.bd